# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
Website : www.bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.২২.৫০ তারিখ: ০৮ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি.

## ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পরীক্ষার ফলাফল প্রকাশ ও উত্তরপত্র পুনঃনিরীক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নভেম্বর-ডিসেম্বর, ২০২১ মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এবং ডিপ্লোমা-ইন-ট্যুরিজম এন্ড হসপিটালিটি শিক্ষাক্রমের পর্ব সমাপনী পরীক্ষার ফলাফল **আগামী ১০ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি. তারিখে** বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.bteb.gov.bd) প্রকাশ করা হবে। উক্ত ফলাফলে যে সকল পরীক্ষার্থী উত্তরপত্র পুনঃনিরীক্ষণ করতে ইচ্ছুক তাদেরকে আগামী ১২-০২-২০২২ খ্রি: হতে ২০-০২-২০২২ খ্রি: তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। ২৩-০২-২০২২ খ্রিঃ হতে ২৭-০২-২০২২ খ্রিঃ পর্যন্ত পুনঃনিরীক্ষণের জন্য আবেদনকৃত ছাত্র/ ছাত্রীদের তথ্য অনলাইন থেকে প্রিন্ট করতে হবে। পূনঃনিরীক্ষণ ফি বাবদ (বিষয় প্রতি ৩০০ টাকা হারে) আদায়কৃত অর্থ প্রতিষ্ঠান কর্তৃক সোনালী সেবার মাধ্যমে ২৩-০২-২০২২ খ্রিঃ হতে ২৭-০২-২০২২ খ্রিঃ পর্যন্ত পরিশোধ করতে হবে। **অনলাইনে এন্ট্রি ব্যতীত পুনঃনিরীক্ষণের কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।** অনলাইনে পূনঃনিরীক্ষণের আবেদন এবং সোনালী সেবার মাধ্যমে পূনঃনিরীক্ষণ ফি পরিশোধ করার প্রক্রিয়া নিম্নে দেয়া হলো:

**ক) অনলাইনে আবেদনের তথ্য এন্ট্রির প্রক্রিয়া:**

www.bteb.gov.bd এর হোম পেইজে উত্তরপত্র পূণঃনিরীক্ষণ/ স্থগিত ফলাফল ➡ প্রতিষ্ঠান কোড ও পাসওয়ার্ড দিয়ে উত্তরপত্র পূণঃনিরীক্ষণের তথ্যসমূহ এন্ট্রি করতে হবে।

**খ) সোনালী সেবার মাধ্যমে পুনঃনিরীক্ষনের ফি জমা দেয়ার বিস্তারিত নিয়মাবলী নিম্নে Flow Chart এ উল্লেখ করা হলো:**

**ধাপ-০১** (Apply for Rescrutiny):

www.bteb.gov.bd ⇒ উত্তরপত্র পুনঃনিরীক্ষন/ স্থগিত ফলাফল ⇒ ডিপ্লোমা পর্যায় ⇒ Diploma In Engineering Rescrutiny

| | |
|---|---|
| **Course Curriculum** | 15– Diploma In Engg. |
| **Exam Year** | 2020 |
| **Institution Code** | |
| **Password** | |
| **Login** | |

⇓

**Apply for Rescrutiny**

| SL NO | Roll No. | Fail Subject | |
|---|---|---|---|
| (1) | 940098 | 66751, 66752 | Apply for Rescrutiny |
| (2) | 940100 | 66753 | Apply for Rescrutiny |

⇒Preview & Print এ যেতে হবে।

**ধাপ-০২: Payment Summary [২৩-০২-২০২২ খ্রিঃ হতে ২৭-০২-২০২২ খ্রি. পর্যন্ত কাজ করবে ]**

[Payment Summary List]

| SL No | Semester/ Year | Amount | Comments |
|---|---|---|---|
| 1. | $4^{th}$ Semester | 900 | |
| | Total | 900 | |

⇓

Click for Online Payment

**গ) <u>প্রতিষ্ঠানের জন্য করনীয়:</u>**

(১) প্রতিষ্ঠান পুনঃনিরীক্ষণে আগ্রহী পরীক্ষার্থীদের আবেদন সরাসরি/ ভার্চুয়াল মাধ্যমে গ্রহন করবে।

(২) প্রতিষ্ঠান পুনঃনিরীক্ষণে আগ্রহী পরীক্ষার্থীদের পুনঃনিরীক্ষন ফি মোবাইল ব্যাংকিং/ সরাসরি গ্রহন করবে।

(৩) প্রতিষ্ঠান পুনঃনিরীক্ষণে আগ্রহী পরীক্ষার্থীদের তথ্য সংযুক্ত ছক অনুসরন পূর্বক www.bteb.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে এন্ট্রি করতে হবে।

(৪) প্রতিষ্ঠান সোনালী সেবার মাধ্যমে পুনঃনিরীক্ষণ ফি বোর্ডে প্রেরণ করবে।

(৫) অনলাইনে এন্ট্রিকৃত পুনঃনিরীক্ষণের তথ্যসমূহ সোনালী সেবার মাধ্যমে পরিশোধিত পুনঃনিরীক্ষণ ফিসহ সকল হার্ডকপি ডাকযোগে/ কুরিয়ার সার্ভিসে/ বাহক মারফত বোর্ডে প্রেরণ করবেন।

(৬) পুনঃনিরীক্ষণের জন্য সরাসরি বোর্ডে কোন আবেদন গ্রহন করা হবে না। এ সংক্রান্ত কাজে কোন পরীক্ষার্থী সরাসরি বোর্ডে উপস্থিত হতে পারবেনা।

(৭) অনলাইনে এন্ট্রিকৃত সকল বিষয়ের পুনঃনিরীক্ষণ ফি সোনালী সেবার মাধ্যমে পরিশোধ করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে নিশ্চিত হতে হবে।

এছাড়া প্রকাশিত ফলাফলে **TC/PC/G.P.A সংক্রান্ত** সংশোধনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে, **PF সংক্রান্ত সংশোধনের** জন্য সংশ্লিষ্ট কেন্দ্রের মাধ্যমে উপযুক্ত প্রমাণকসহ আবেদন করতে হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠান জরিমানা প্রযোজ্য হবে। কেন্দ্র পরিবর্তনকারী পরীক্ষার্থীদের প্রকাশিত ফলাফল সংশোধনের ক্ষেত্রে পরিবর্তিত কেন্দ্র ও মূল কেন্দ্রের সুপারিশসহ আবেদন করতে হবে।

০৮/২/২২।

**(প্রকৌঃ মোঃ আবদুর রহমান)**
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোনঃ ০২-৫৫০০৬৫২৫

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.২২.৫০ (১২) তারিখ: ০৮ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
৩. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট/বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি/বাংলাদেশ ইন্সটিটিউট অব্ গ্লাস এন্ড সিরামিক/ গ্রাফিক আর্টস ইন্সটিটিউট/বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউট/ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইন্সটিটিউট/ফেনী কম্পিউটার ইন্সটিটিউট, ............।
৫. অধ্যক্ষ/পরিচালক, ........................................................................................।
৬. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক - গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (নোটিশটি Website -এ প্রকাশ করাসহ উল্লেখিত তারিখসমূহে Online কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
৯. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- বিতরণ/ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. ইনফরমেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. নথি।

08/02/2022

**(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোন: ০২-৫৫০০৬৫৩১